

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স - ৪৪৫৬

আগরতলা, ৫ মার্চ, ২০১৯

### উচ্চতর মাধ্যমিকের আজকের পরীক্ষা শান্তিপূর্ণ

ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ পরিচালিত উচ্চতর মাধ্যমিকের আজ বাংলা/ হিন্দি/ ককবরক/ মিজো এবং ফাজিল আর্টস-বাংলা ও ফাজিল থিওলজি-বাংলা পরীক্ষা অনুষ্ঠিত হয়। রাজ্যের মোট ৫৯টি (উপকেন্দ্র সহ ৮১টি) উচ্চমাধ্যমিক পরীক্ষাকেন্দ্রের সবকয়টি পরীক্ষাকেন্দ্রের অবস্থা শান্তিপূর্ণ ছিল। আজকের এই পরীক্ষায় অসদুপায় অবলম্বন করার জন্য কোনও পরীক্ষার্থীকে বহিস্কার করার সংবাদ পাওয়া যায়নি। অবশ্য সব পরীক্ষাকেন্দ্রের সব তথ্য এই সংবাদ প্রেরণ করা পর্যন্ত পাওয়া যায়নি।

আজকের এই পরীক্ষায় পর্ষদ সভাপতি বাণীবিদ্যাপীঠ উচ্চতর বালিকা বিদ্যালয়, সুখময় উচ্চতর বিদ্যালয়, নতুননগর উচ্চতর বিদ্যালয়, রামনগর উচ্চতর বিদ্যালয়, উমাকান্ত একাডেমী (ইংলিশ মিডিয়াম), শিশুবিহার উচ্চতর বিদ্যালয় এবং পর্ষদের একজন উপসচিব বিশালগড় উচ্চতর বিদ্যালয়, অফিসটিলা উচ্চতর বিদ্যালয় পরীক্ষাকেন্দ্র পরিদর্শন করেন। ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ থেকে এক প্রেস রিলিজে এই সংবাদ জানানো হয়েছে।

\*\*\*\*\*